গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দোয়ারাবাজার,সুনামগঞ্জ ।
www.dowarabazar.sunamganj.gov.bd।

## ১৪২৯ বাংলা সনে হাট-বাজারসমূহের ইজারা দরপত্র বিজ্ঞপ্তি নং -০১/২০২২

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার মন্ত্রণালয়ের স্মারক নং ৪৬.০৪১. ০৩০.০২. ০০. ০০২. ২০১১.৮৭০ তারিখ- ০৬ আশ্বিন, ১৪১৮ বাংলা, ২১ সেপ্টেম্বর, ২০১১ খ্রিঃ মোতাবেক দোয়ারাবাজার উপজেলার নিম্ন বর্ণিত হাট-বাজারসমূহ ১৪২৯ বাংলা সনের জন্য ০১ (এক) বছর মেয়াদে (১লা বৈশাখ, ১৪২৯ বাংলা হতে ৩০ শে চৈত্র, ১৪২৯ বাংলা সন পর্যন্ত) ইজারা প্রদানের নিমিত্তে ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তিবর্গের নিকট হতে নির্ধারিত সিডিউলে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। সীলমোহরকৃত দরপত্র উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার এর অফিস কক্ষে রক্ষিত দরপত্র বাক্সে নিম্ন বর্ণিত ইজারা দিনপঞ্জি মোতাবেক বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত দাখিল করা যাবে এবং ঐ দিনই বিকাল ৩.০০ ঘটিকায় দরপত্র দাতাদের সম্মুখে (যদি উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। বিজ্ঞপ্তিটি এ কার্যালয়ের ওয়েব পোর্টাল www.dowarabazar.sunamganj.gov.bd তে পাওয়া যাবে।

### হাট-বাজারের তালিকাঃ

| ক্রঃ নং | হাটবাজারের নাম | ইউনিয়নের নাম | সরকারী মূল্য | সিডিউলের মূল্য | মন্তব্য । |
|---|---|---|---|---|---|
| ১ | আমবাড়ী বাজার | মান্নারগাঁও | ২৪,৮০,৬০২/- | ৫,৬০০/- | |
| ২ | কাটাখালী বাজার | মান্নারগাঁও | ১৫,৮৭৪/- | ৫০০/- | |
| ৩ | শ্যামল বাজার | মান্নারগাঁও | ২৭,৫১৪/- | ৫০০/- | |
| ৪ | মঙ্গলপুর বাজার | পান্ডারগাঁও | ৯,৪৯৫/- | ৫০০/- | |
| ৫ | শ্রীপুর বাজার | পান্ডারগাঁও | ২,৭১,৩৬০/- | ১,২০০/- | |
| ৬ | বিয়ানী বাজার | দোহালিয়া | ৩৫,৫৫৭/- | ৫০০/- | |
| ৭ | ভবানীপুর বাজার | দোহালিয়া | ২১,১৮৬/- | ৫০০/- | |
| ৮ | বঙ্গবন্ধু বাজার | দোহালিয়া | ২৪,৯১০/- | ৫০০/- | |
| ৯ | দোহালিয়া বাজার | দোহালিয়া | ৯,৭৬,২৯৫/- | ২,৬০০/- | |
| ১০ | টেংরা বাজার | সুরমা | ১৭,৫৫৪/- | ৫০০/- | |
| ১১ | মহব্বতপুর বাজার | সুরমা | ৫৭,৯৮২/- | ৫০০/- | |
| ১২ | লিয়াকতগঞ্জ বাজার | লক্ষীপুর | ২১,৬৮,৬১৯/- | ৫,০০০/- | |
| ১৩ | এরুয়াখাই বাজার | লক্ষীপুর | ১৯,৭৮৭/- | ৫০০/- | |
| ১৪ | বোগলাবাজার | বোগলা | ২৩,৩২,৩৫৩/- | ৫,৪০০/- | |
| ১৫ | আছিরনগর বাজার | বোগলা | ৪,৮৪০/- | ৫০০/- | |
| ১৬ | বাংলা বাজার | বাংলাবাজার | ১৯,৫০,৬৬৫/- | ৪,৬০০/- | |
| ১৭ | হকনগর বাজার | বাংলাবাজার | ৪,৯৮২/- | ৫০০/- | |
| ১৮ | কলাউড়া বাজার | বাংলাবাজার | ৫,২৮২/- | ৫০০/- | |
| ১৯ | নাছিমপুর বাজার | নরসিংপুর | ১০,৩১,৭৩৩/- | ২,৮০০/- | |
| ২০ | নরসিংপুর বাজার | নরসিংপুর | ৪,০৬,৬৮৭/- | ১,৬০০/- | |
| ২১ | চাইরগাঁও বাজার | নরসিংপুর | ৬১,৩০৩/- | ৫০০/- | |
| ২২ | বালিউড়া বাজার | নরসিংপুর | ১৫,৮২,২২৭/- | ৩,৮০০/- | |
| ২৩ | দোয়ারাবাজার | দোরারাবাজার সদর | ১,৩১,০৮৭/- | ১,০০০/- | |
| ২৪ | টেবলাই বাজার | দোরারাবাজার সদর | ১৫,৭১৭/- | ৫০০/- | |

### ইজারা সংক্রান্ত দিনপঞ্জিকা ঃ

| পর্যায় | দরপত্র বিক্রয়ের সর্বশেষ তারিখ ও সময় (অফিস চলাকালীন পর্যন্ত) | দরপত্র দাখিলের তারিখ ও সময় (দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত) | দরপত্র খোলার তারিখ ও সময় (বিকাল ৩.০০ ঘটিকা) | |
|---|---|---|---|---|
| ১ম পর্যায় | ০১/০৩/২০২২ খ্রিঃ | ০২/০৩/২০২২ খ্রিঃ | ০২/০৩/২০২২ খ্রিঃ | |
| ২য় পর্যায় | ২০/০৩/২০২২ খ্রিঃ | ২১/০৩/২০২২ খ্রিঃ | ২১/০৩/২০২২ খ্রিঃ | |
| ৩য় পর্যায় | ০৫/০৪/২০২২ খ্রিঃ | ০৬/০৪/২০২২ খ্রিঃ | ০৬/০৪/২০২২ খ্রিঃ | |

### হাট-বাজার ইজারার দরপত্র দাখিলের শর্তাবলী ঃ

১. বাংলা ১৪২৯ সনের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদ কালের জন্য ইজারা প্রদান করা হবে।

২. দরপত্র দাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ৩০% অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার এর অনুকূলে জমা দিতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৩. যাদের দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার পর ৭ কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সাথে পরিশোধ করতে হবে। অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ কর হবে।

৪. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তাহলে পুনরায় দরপত্র আহ্বান করা হবে।

৫. এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক পর্যায়ের জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য পর্যায়ে আহ্বানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

৬. খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭. প্রত্যেক হাট-বাজার জন্য পৃথক পৃথক সিলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৮. ইজারার সমূদয় অর্থ (ভ্যাট ও আয়করসহ) পরিশোধের ০৩ কার্যদিবসের মেধ্য ২৫০/- টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক নিজ দায়িত্বে ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

৯. দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১০. কোন প্রকার ঘষা মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১১. হাট-বাজার ইজারার অনাদায়ী টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হবে।

১২. চুক্তিপত্রের যে কোন শর্ত লঙ্ঘন করা হলে ইজারা বাতিল করা হবে।

১৩. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২৬/০২/২০২২

(দেবাংশু কুমার সিংহ)
উপজেলা নির্বাহী অফিসার
দোয়ারাবাজার, সুনামগঞ্জ
মোবাইল-০১৭৩০৩৩১০৮
ইমেইল:unodoarabazar@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪৬.৯০৩৩.০০০.০৪.০০২.২১- ৯৬২(১৫০)

তারিখ ঃ ১৩ ফেব্রুয়ারী ২০২২ খ্রিঃ।

অনুলিপি ঃ সদয় অবগতির জন্য

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৩. পুলিশ সুপার, সুনামগঞ্জ।
৪. উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ।
৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

অনুলিপি ঃ অবগতি ও কার্যার্থে

৬. উপজেলা নির্বাহী অফিসার............................................................ (সকল), সুনামগঞ্জ।
৭. সহকারী কমিশনার(ভূমি), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
৮. অফিসার ইন চার্জ, দোয়ারাবাজার থানা, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
৯. সাব-রেজিস্টার, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
১০. চেয়ারম্যান, ........................................................ ইউ,পি(সকল), দোয়ারাবাজার, সুনামগঞ্জ। তাঁর ইউনিয়নের গ্রাম পুলিশের মাধ্যমে স্থানীয় বাজারে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১১. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, দোয়ারাবাজার শাখা, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
১২. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, দোয়ারাবাজার সদর/লক্ষীপুর/মঙ্গলপুর তহশিল অফিস, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। তাঁকে বিজ্ঞপ্তিটি যথাযথভাবে স্থানীয় বাজারসমূহে মাইকিং/ঢোল পিটিয়ে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো
১৩. সভাপতি/সম্পাদক..........................................................বাজার কমিটি, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
১৪. সম্পাদক, দৈনিক .....................................................তাঁকে বিজ্ঞপ্তিটির মুল অংশ সংক্ষিপ্ত আকারে তাঁর পত্রিকার ভেতরের পাতায় নির্ধারিত তারিখের কমপক্ষে ০৭(সাত) দিন পূর্বে ০১(এক) দিন শুধুমাত্র ০১(এক) বার প্রকাশ পূর্বক প্রকাশিত সংখ্যার ০৩(তিন) কপি এ কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
১৫. জনাব ........................................................................................ দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
১৬. অফিস কপি।

২৬/০২/২০২২

উপজেলা নির্বাহী অফিসার
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।